

বিজিআইসি টাওয়ার, (১ম- ৪র্থ এবং ৯ম- ১০ম তলা)

নম্বর ৫৩.২২.০০০০.১১০.১৭.০০১.১৯.৮৪

তারিখ: ১৫ আশ্বিন ১৪২৭

৩০ সেপ্টেম্বর ২০২০

প্রেস বিজ্ঞপ্তি

বিষয়: ঢাকা স্টক এক্সচেঞ্জ লিমিটেড (ডিএসই)-র এমডি'র সাথে বাংলাদেশ ইন্সটিটিউট অব ক্যাপিটাল মার্কেট (বিআইসিএম)-এর নির্বাহী প্রেসিডেন্ট এর সৌজন্য সাক্ষাৎ

ঢাকা স্টক এক্সচেঞ্জ (ডিএসই) এর ব্যবস্থাপনা পরিচালক (এমডি) জনাব কাজী সানাউল হকের সাথে সৌজন্য সাক্ষাৎ করেছেন বাংলাদেশ ইন্সটিটিউট অব ক্যাপিটাল মার্কেটের (বিআইসিএম) নির্বাহী প্রেসিডেন্ট অধ্যাপক ড. মাহমুদা আক্তার। ৩০ সেপ্টেম্বর ২০২০ তারিখ (বুধবার) সকাল ১০.৩০ টায় নিকুঞ্জের ঢাকা স্টক এক্সচেঞ্জ ভবনে এ সৌজন্য সাক্ষাৎ অনুষ্ঠিত হয়। এসময় পুঁজিবাজারের প্রয়োজনীয় পেশাগত দক্ষতা উন্নয়নে পারস্পরিক সহযোগিতার বিষয়ে আলোচনা হয়। এরপর ড. আক্তার ডিএসই ট্রেনিং একাডেমীর বিভিন্ন অবকাঠামো পরিদর্শন করেন। এসময় বাংলাদেশ ইন্সটিটিউট অব ক্যাপিটাল মার্কেটের সহকারী অধ্যাপক মোঃ হাবিবুল্লাহ ও জনসংযোগ কর্মকর্তা ও নির্বাহী প্রেসিডেন্ট এর একান্ত সচিব (অতিরিক্ত দায়িত্ব) জনাব খালেদা জেসমিন মিথীলা এবং ঢাকা স্টক এক্সচেঞ্জ উর্ধ্বতন কর্মকর্তা উপস্থিত ছিলেন।



৩০-৯-২০২০

খালেদা জেসমিন

জনসংযোগ কর্মকর্তা

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) সহকারী সিস্টেম এডমিনিস্ট্রেটর, আইটি বিভাগ, বাংলাদেশ ইন্সটিটিউট অব ক্যাপিটাল মার্কেট ((ইন্সটিটিউটের ওয়েবসাইটে আপলোডের অনুরোধসহ)
- ২) জনাব গিয়াস উদ্দিন , কার্যনির্বাহী সদস্য , ক্যাপিটাল মার্কেট জার্নালিস্ট ফোরাম, জীবন বীমা টাওয়ার , মতিঝিল, ঢাকা (ক্যাপিটাল মার্কেট জার্নালিস্ট ফোরামের সদস্যদের অবগতির জন্য)